

'আর দাবায়ে রাখতে পারবা না'

# গৃহঋণ বার্তা

শেখ হাসিনার ভিশন, সবার জন্য আবাসন




বিএইচবিএফসি'র ষাণ্মাসিক বুলেটিন

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

দ্বাদশ বর্ষ
১ম সংখ্যা

জানুয়ারি-জুন
২০২৩খ্রি.


## অনন্য সাফল্যে ভাস্বর ২০২২-২০২৩ অর্থবছর



মো. আব্দুল মান্নান

অনন্য সাফল্যের মধ্য দিয়ে আরেকটি অর্থবছর সমাপ্ত করেছে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। ৩০ জুন ২০২৩ তারিখ সমাপ্ত ২০২২-২৩ অর্থবছরে ব্যবসা নির্দেশক সকল সূচকেই অর্জন অতীতের যে কোন সময় অপেক্ষা বেশি। ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ আদায় এবং বিশেষকরে, শ্রেণীকৃত ঋণ আদায়ে এবছর অনন্য মাইলফলক স্থাপিত হয়েছে।

২০২২-২৩ অর্থবছরের শেষ দিনে প্রতিষ্ঠানটির শ্রেণীকৃত ঋণের পরিমাণ মাত্র ১ শত ৬০ কোটি টাকা। মোট ঋণের বিপরীতে এর হার মাত্র ৩ দশমিক ৮০ শতাংশ। ২০২১-২২ অর্থবছরে বিএইচবিএফসির শ্রেণিকৃত ঋণ ছিল মোট ঋণের ৪ দশমিক ৬৫ শতাংশ। এ ঋণ আদায়ে গত বছর থেকে এবছর প্রবৃদ্ধি ১২.৫৭ শতাংশ।

শুধুমাত্র শ্রেণীকৃত ঋণ আদায়েই নয়, সদ্য সমাপ্ত অর্থবছরে ঈর্ষণীয় সাফল্য এসেছে ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ, অশ্রেণীকৃত ঋণ আদায় এবং বিচারাধীন মামলা নিষ্পত্তিতেও। এ অর্থবছরে বিএইচবিএফসি প্রতিষ্ঠানটির সর্বকালের সকল রেকর্ড ভেঙ্গে মোট ৮ শত ৪৬ কোটি টাকার ঋণ মঞ্জুর ও ৬ শত ৯৬ কোটি টাকার ঋণ বিতরণ করেছে। ঋণ মঞ্জুর ও ঋণ বিতরণে এ অর্থবছরে উভয় ক্ষেত্রে প্রবৃদ্ধির হার ১৮ শতাংশেরও বেশি।

সামষ্টিক ঋণ আদায়ও প্রতিষ্ঠানটির জন্মলগ্ন থেকে এ বছরই সবচেয়ে বেশি যার পরিমাণ প্রায় ৭ শত ১৬ কোটি টাকা। এ বছর ঋণ আদায়ে প্রবৃদ্ধি প্রায় ১০ শতাংশ। ব্যবসায়িক লক্ষ্যমাত্রা নির্দেশক সকল সূচকে রেকর্ড সাফল্যের ফলে এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি মুনাফাও অর্জন করেছে রাষ্ট্রায়ত্ত এ প্রতিষ্ঠানটি। এ অর্থবছরে অর্জিত মুনাফার পরিমাণ প্রায় ২ শত ৬৪ কোটি টাকা। এ ক্ষেত্রে প্রবৃদ্ধির হার প্রায় ৯ শতাংশ।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি) এর যথাযথ নির্দেশনা, পরিচালনা পর্ষদের উপযুক্ত মনিটরিং এবং দক্ষ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নেতৃত্বে এ অর্জন সম্ভব হয়েছে উল্লেখ করে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান এজন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন, শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

শ্রেণীকৃত ঋণ
৩.৮০ শতাংশ

৮শ ৪৬ কোটি
টাকার
ঋণ মঞ্জুর

৭শ ১৬ কোটি
টাকার
ঋণ আদায়

৬শ ৯৬ কোটি
টাকার
ঋণ বিতরণ

২শ ৬৪ কোটি
টাকার
মুনাফা অর্জন

# ‘সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধকল্পে করণীয়’ শীর্ষক কর্মশালা




উদ্বোধনী বক্তব্য প্রদানরত ব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

গত ২২ মার্চ, বুধবার বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে ‘সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধকল্পে করণীয়’ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি’র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)’র যুগ্মসচিব (অব.) মৃত্যুঞ্জয় সাহা এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব ড. মো. জাফর উদ্দিন দুটি গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন। কর্পোরেশনের ১০ম ও তদূর্ধ্ব গ্রেডের ২৪ জন কর্মকর্তা কর্মশালাটিতে অংশগ্রহণ করেন।

---

# 'APA Formulation & Implementation' শীর্ষক প্রশিক্ষণ কোর্স



উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

গত ৭ জুন, বুধবার, ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে ‘এপিএ ফর্মুলেশন এন্ড ইমপ্লিমেন্টেশন’ শীর্ষক একদিনের এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। বেলা সাড়ে দশটায় কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান কোর্সটির উদ্বোধন ঘোষণা করেন এবং একটি গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)’র অতিরিক্ত সচিব মো. আজিমুদ্দিন বিশ্বাস এনডিসি এবং একই বিভাগের যুগ্মসচিব মাকছুমা আকতার বানু আমন্ত্রিত বিশেষ রিসোর্স পার্সন হিসেবে দুটি সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণ বিভাগের মহাব্যবস্থাপক মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী এবং ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। কোর্সটিতে সদর দফতরের ঊর্ধ্বতন নির্বাহী, দু’জন জোনাল ম্যানেজার এবং কয়েকটি শাখা অফিসের ব্যবস্থাপকসহ সর্বমোট ২৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

---

# পরিচালনা পর্ষদের ছয়টি সভা অনুষ্ঠিত



৫২২তম সভায় সাবেক পরিচালকের বিদায় ও নবনিযুক্ত পরিচালকদের বরণ অনুষ্ঠানের চিত্র

গত ২৫ জানুয়ারি, ২২ ফেব্রুয়ারি, ২১ মার্চ, ১১ মে, ২৮ মে এবং ২৬ জুন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের ৫২০-তম থেকে ৫২৫-তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। সভায় পরিচালনা পর্ষদের অন্যতম পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান, মো. অলিউল্লাহ এনডিসি, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (৫২২তম সভা থেকে); অমল কৃষ্ণ মন্ডল, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়; ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয় ও মো. মোসলেহ উদ্দীন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (৫২২তম সভা থেকে); উপস্থিত ছিলেন। এছাড়াও, বিএইচবিএফসি’র উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

# নতুন ঋণ প্রোডাক্ট 'স্বপ্ননীড়' এর শুভ উদ্বোধন




সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত এফআইডি সচিব (মাঝে)

গত ১৯ মার্চ, রবিবার বিএইচবিএফসি'র নতুন হোম লোন ও বিনিয়োগ প্রোডাক্ট 'স্বপ্ননীড়' এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়। বিএইচবিএফসি সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, পর্ষদের দুই পরিচালক যথাক্রমে অমল কৃষ্ণ মন্ডল (অতিরিক্ত সচিব) ও মো. মুসলেহ উদ্দীন (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও এফআইডি'র যুগ্মসচিব মাকছুমা আকতার বানু, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সহকারী সচিব মো. শিহাব উদ্দিন, বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরীসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং মিডিয়া প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। কর্পোরেশনের মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন।

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা

গত ১৪ জুন, বুধবার বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বদরে মুনির ফেরদৌস প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ, সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকবৃন্দ দু'জন জোনাল ম্যানেজারসহ ঢাকার কয়েকটি শাখার ম্যানেজার, গ্রাহক ও সেবাপ্রত্যাশী অংশীজন এবং সংবাদ মাধ্যম ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।




প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন জনাব বদরে মুনির ফেরদৌস (মাঝে)

## অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক অবহিতকরণ সভা

গত ৩০ মে, মঙ্গলবার বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজন অবহিতকরণ' শীর্ষক এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা এবং গুরুত্বপূর্ণ আলোচনা করেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ও অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা ড. নাহিদ হোসেন উপস্থিত ছিলেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক, সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকবৃন্দসহ ঢাকার কয়েকটি শাখার গ্রাহক ও সেবাপ্রত্যাশী অংশীজন এ সভায় উপস্থিত ছিলেন। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এতে সর্বসাধারণের প্রবেশাধিকার, প্রবেশের পন্থা-পদ্ধতি এবং এর উপযোগীতা বিষয়ে বিষদ আলোচনা করা হয়।




মঞ্চে উপবিষ্ট ড. নাহিদ হোসেন (বামে), ব্যবস্থাপনা পরিচালক (মাঝে) এবং উপব্যবস্থাপনা পরিচালক

# জনতা ব্যাংক লি. (জেবিএল) এর সাথে সমঝোতা স্বাক্ষর স্মারক



গত ৮ ফেব্রুয়ারি, বুধবার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও জনতা ব্যাংক লি. (জেবিএল) এর মধ্যে অনলাইনে অর্থ সংগ্রহ সংক্রান্ত এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। রাজধানীতে জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ে অপরাহ্ন ৩ টায় এ সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পন্ন হয়।

জেবিএল'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বীর মুক্তিযোদ্ধা মো. আব্দুছ ছালাম আজাদ এবং বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল মান্নান এ স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র পক্ষে মহাব্যবস্থাপক মো. খাইরুল ইসলাম এবং জেবিএল'র পক্ষে মহাব্যবস্থাপক মেহের সুলতানা সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে বিএইচবিএফসি এবং জেবিএল'র উপব্যবস্থাপনা পরিচালকবৃন্দসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান চুক্তিটিকে দুটি প্রতিষ্ঠানের আন্তঃপ্রাতিষ্ঠানিক ভ্রাতৃত্বের বন্ধন বলে উল্লেখ করেন।

# বিএইচবিএফসি ও আইবিবিএল এর মধ্যে চুক্তি স্বাক্ষর

গত ৬ মার্চ, সোমবার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. (আইবিবিএল) এর মধ্যে অনলাইনে অর্থ সংগ্রহ সংক্রান্ত এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। রাজধানীতে ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ে অপরাহ্ন ৩ টায় এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল মান্নান ও আইবিবিএল'র ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মনিরুল মওলা এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী এবং আইবিবিএল'র পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক মো. জামাল উদ্দিন মজুমদার সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।




স্বাক্ষরিত চুক্তিপত্র বিনিময়

# দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ




দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণরত ব্যবস্থাপনা পরিচালক ও উর্ধ্বতন নির্বাহীবৃন্দ

সমাজের দুঃস্থ, অসহায় ও ছিন্নমূল মানুষের প্রতি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এ বছরও শীতবস্ত্র বিতরণ কর্মসূচী পালন করে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন। গত ২৬ জানুয়ারি প্রতিষ্ঠানটির সদর দফতর প্রাঙ্গনে উল্লেখযোগ্য সংখ্যক দুঃস্থ, অসহায় ও ছিন্নমূল মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান। এসময় উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। দেশের অধিক শীতপ্রবণ এলাকায় শীতবস্ত্র বিতরণের এ কর্মসূচীর আওতায় খুলনা ও সিলেট বিভাগেও অনূরূপ শীতবস্ত্র বিতরণ করা হয়।

# এপিএ বাস্তবায়নে শ্রেষ্ঠত্বের পুরস্কার



পুরস্কার তুলে দিচ্ছেন এফআইডি সচিব (ডানে)

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে অর্জিত প্রথম পুরস্কারে ভূষিত হয়েছে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। গত ২৫ জুন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান-এঁর হাতে এ পুরস্কার তুলে দেন। ২০২১-২০২২ অর্থবছরে এপিএ বাস্তবায়নে বিএইচবিএফসি রাষ্ট্রায়ত্ত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে নিজ এবং যৌথ ক্যাটাগরীতে সর্বোচ্চ ৯৮ দশমিক ৩৭ শতাংশ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করে। এপিএ বাস্তবায়নে টানা তৃতীয়বারের মতো প্রথম স্থান অর্জনকারী বিএইচবিএফসি এ পুরস্কার গ্রহণের পাশাপাশি এদিন এফআইডির সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর করে। এফআইডি'র পক্ষে সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ এবং বিএইচবিএফসির পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান এ চুক্তি স্বাক্ষর করেন। এ সময় এফআইডি'র অতিরিক্ত সচিব ও এপিএ টিম লিডার মো. আজিমুদ্দিন বিশ্বাস এনডিসি, যুগ্মসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট মাকছুমা আকতার বানু, এফআইডির আওতাধীন মোট ১৯টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী এবং এসব প্রতিষ্ঠানের এপিএ টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# প্রায় ৩ হাজার কোটি টাকার আইএসডিবি ঋণ পাচ্ছে বিএইচবিএফসি



জেদ্দায় সংস্থাটির বার্ষিক সভার একটি দৃশ্য

আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইএসডিবি) থেকে প্রায় ৩ হাজার কোটি টাকার ঋণ সহায়তা পাচ্ছে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। সৌদি আরবের জেদ্দা ভিত্তিক এ সংস্থাটি বিএইচবিএফসি'র রুরাল অ্যান্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্টে (আরপিএইচএফপি) এ ঋণ সহায়তা প্রদান করেছে। গত ১০ থেকে ১৩ মে জেদ্দায় অনুষ্ঠিত সংস্থাটির ২০২৩ সালের বার্ষিক সভায় ২৭০ দশমিক ৫৭ মিলিয়ন ইউরো বা প্রায় ৩ হাজার কোটি টাকার এ ঋণ প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি), অর্থ বিভাগ (এফডি) ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর প্রত্যক্ষ সহযোগিতায় কর্পোরেশনের এ প্রকল্পটিতে আইএসডিবি'র এ ঋণ সহায়তা অনুমোদন লাভ করে। ইতোপূর্বে একই প্রকল্পে সংস্থাটি প্রথম পর্যায়ে প্রায় ১ হাজার কোটি টাকার ঋণ সহায়তা প্রদান করে এবং এর সফল ও সন্তোষজনক বাস্তবায়নের ধারাবাহিকতায় দ্বিতীয় পর্যায়ে এ ঋণ অনুমোদন করা হলো।

# বিএইচবিএফসি-আইএসডিবি'র দ্বিপাক্ষিক সভা



ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অভ্যাগতদের ফুলেল শুভেচ্ছা

গত ২১ জুন, বুধবার বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইএসডিবি)'র মধ্যে শরিয়াহভিত্তিক বিনিয়োগ সংক্রান্ত এক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আইএসডিবি'র Economic and Social Infrustructure Department (ESID) এবং Resilience & Climate Action Department (RCAD) কর্তৃক Bill and Melinda Gates Foundation এর সমন্বয়ে বাংলাদেশে Monitoring and Technical Assistance (MATA) Mission শীর্ষক এক মিশনের সদস্যবৃন্দ আইএসডিবি'র প্রতিনিধিত্ব করেন। বিএইচবিএফসি'র দুই মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন।

# মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। গত ২১ ফেব্রুয়ারি, মঙ্গলবার দিবসের সূর্যোদয়ের সাথে সাথে শহীদদের শ্রদ্ধার্থে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ এবং বুকে শোকের প্রতীক কালোব্যাজ ধারণের মধ্যদিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। এরপর বিএইচবিএফসি সদর দফতর প্রাঙ্গনে নিজস্ব শহিদ মিনারে পুষ্পার্ঘ্য নিবেদন এবং দিবসটির তাৎপর্য শীর্ষক এক আলোচনা ও শহিদদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এবং ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান বিএইচবিএফসি'র পক্ষে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। কর্পোরেশনের উর্ধ্বতন সকল নির্বাহী, ঢাকা সিটির জোনাল ও শাখা অফিসের কর্মকর্তা-কর্মচারীসহ সদর দফতরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। সদর দপ্তরস্থ বিভিন্ন সংগঠনও পৃথকভাবে শহিদ বেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে। প্রতিষ্ঠানটির মাঠ পর্যায়ের অফিসগুলো স্থানীয় পর্যায়ে একইভাবে দিবসটি পালন করে।



পর্ষদ চেয়ারম্যানের নেতৃত্বে পুষ্পার্ঘ অর্পণ

# 'শ্রেণীকৃত ঋণ আদায় ও ঋণ বিতরণ' শীর্ষক সেমিনার




সভাপতির বক্তব্য প্রদানরত ব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

গত ৪ জানুয়ারি, শনিবার 'শ্রেণিকৃত ঋণ আদায় ও ঋণ বিতরণ' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের মহাব্যবস্থাপক মো. খাইরুল ইসলাম এঁর সভাপতিত্বে প্রতিষ্ঠানের ট্রেনিং ইনস্টিটিউটে এ সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী। প্রধান অতিথি ও ব্যবস্থাপনা পরিচালক শ্রেণিকৃত ঋণ আদায়ের গুরুত্ব বর্ণনার পাশাপাশি এর কলাকৌশল ও পন্থা-পদ্ধতি বিষয়ে একটি তাৎপর্যপূর্ণ সেশন পরিচালনা করেন। সেমিনারে কর্পোরেশনের মাঠ পর্যায়ের সকল জোনাল, রিজিওনাল ও শাখা অফিসসমূহের ব্যবস্থাপকবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

## বিএইচবিএফসি-এএফডি দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত

গত ১৮ জুন, রবিবার অপরাহ্ন সোয়া ৪ টায় বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও এজেন্সিজ ফ্র্যাঞ্চাইজ দা ডেভেলপমেন্ট (এএফডি)'র মধ্যে 'Appraisal and Monitoring Mission' শীর্ষক এক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে পরিচালনা পর্ষদ চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন এফসিএ, এফসিএমএ উপস্থিত ছিলেন। প্যারিসভিত্তিক এএফডি'র টাস্ক টিম লিডার মিস ম্যারি রেল, আর্থিক ব্যবস্থাপনা বিভাগের টাস্ক টিম লিডার মি. থমাস জোসেলিন এবং এর ঢাকা অফিসের প্রজেক্ট অফিসার মিস তামান্না বিনতে রহমান সভায় এএফডি'র প্রতিনিধিত্ব করেন। বিএইচবিএফসি'র দুই মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন।



অভ্যাগতদের ফুলেল শুভেচ্ছা জানান পর্ষদ চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক

## ঢাকা দক্ষিণের দু'টি অফিস সদর দফতর ভবনে স্থানান্তর



ফিতা কেটে উদ্বোধন ঘোষণা করছেন ব্যবস্থাপনা পরিচালক

গত ১ জানুয়ারি বিএইচবিএফসি'র জোনাল ও প্রধান শাখা অফিস, ঢাকা দক্ষিণের নতুন কার্যালয় উদ্বোধন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন। উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী, দুই মহাব্যবস্থাপক যথাক্রমে মো. তোফায়েল আহমেদ ও মো. খাইরুল ইসলাম, সদর দফতরের সকল উপমহাব্যবস্থাপক এবং ঢাকা দক্ষিণ জোনের ব্যবস্থাপকগণসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। রাজধানীর পুরানা পল্টনে প্রতিষ্ঠানের সদর দফতর ভবনের ৮ম তলায় অফিস দুটি স্থানান্তরের পর এ উদ্বোধনী আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হয়। দীর্ঘদিন যাবৎ এ দুটি অফিস রাজধানীর যাত্রাবাড়িতে ভাড়াকৃত ভবনে পরিচালিত হচ্ছিল। এ অঞ্চলের ঋণগ্রহীতা এবং সেবা প্রার্থীদের সার্বিক সুবিধার্থে অফিস দুটি প্রতিষ্ঠানের সদর দফতর ভবনে স্থানান্তর করা হয়।

## 'স্মার্ট বাংলাদেশ, স্মার্ট বিএইচবিএফসি' বিষয়ক গোলটেবিল বৈঠক



গত ১০ মার্চ, শুক্রবার 'স্মার্ট বাংলাদেশ, স্মার্ট বিএইচবিএফসি' বিষয়ক এক গোলটেবিল বৈঠক শ্রীমঙ্গলে অবস্থিত গ্রান্ড সেলিম রিসোর্ট সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান, বিশেষ অতিথি হিসেবে মোহাম্মদ আমিন শরীফ, সিনিয়র সহকারী সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং কর্পোরেশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বৈঠকে বিভিন্ন বিভাগের উল্লেখযোগ্য সংখ্যক গুরুত্বপূর্ণ এজেন্ডার উপর বিশ্লেষণধর্মী বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা পর্বে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক উত্থাপিত প্রতিটি বিষয়ে উপস্থিত সকলের আলোচনা ও মতামত মূল্যায়নান্তে ব্যবস্থাপনা পরিচালক বিশেষ বক্তব্য প্রদান করেন।

## ঢাকা উত্তরের দু'টি অফিসের নতুন কার্যালয় উদ্বোধন



ফিতা কেটে উদ্বোধন ঘোষণা করছেন ব্যবস্থাপনা পরিচালক

গত ১ ফেব্রুয়ারি বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)'র জোনাল অফিস, ঢাকা উত্তর ও শাখা অফিস, ধানমন্ডির নতুন কার্যালয় উদ্বোধন করা হয়। রাজধানীর মোহাম্মদপুর এলাকায় স্থানান্তরিত এ অফিসের উদ্বোধন করেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান। উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক মো.খাইরুল ইসলাম এবং ঢাকা উত্তর জোনাল ও ধানমন্ডি শাখা অফিসের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। দীর্ঘদিন যাবৎ এ দুটি অফিস রাজধানীর উত্তরা ও ধানমন্ডি এলাকায় ভাড়াকৃত ভবনে পরিচালিত হচ্ছিল। এ অঞ্চলের ঋণ গ্রহীতা এবং সেবা প্রার্থীদের সুবিধার্থে অফিস দুটি মোহাম্মদপুরে প্রতিষ্ঠানের নিজস্ব ভবনে স্থানান্তর করা হয়।

ফ্ল্যাশব্যাক

# ব্যবস্থাপক সম্মেলন ২০২২ অনুষ্ঠিত




উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সঙ্গীতের প্রতি অতিথিবৃন্দের সম্মান প্রদর্শন

গত ২ ডিসেম্বর, ২০২২ শুক্রবার রাজধানীর বিদ্যুৎ ভবনস্থ কনফারেন্স কক্ষে বিএইচবিএফসি 'ব্যবস্থাপক সম্মেলন-২০২২'অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)'র সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ সম্মেলনটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল মান্নান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, পর্ষদের সকল পরিচালক এবং এফআইডি'র ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ বিশেষ ও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্ব ও সেশন পরিচালনা করেন। বিএইচবিএফসি'র মাঠ পর্যায়ের সকল অফিসের অফিস প্রধানদের অংশগ্রহণে প্রতিবছর এ সম্মেলনের আয়োজন করা হয়ে থাকে। এবছর সর্বমোট ৮৭টি মাঠ কার্যালয়ের ব্যবস্থাপকগণ সম্মেলনে অংশগ্রহণ করেন। এছাড়াও, সদর দফতরের সহকারী মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাবৃন্দ সম্মেলনে অংশগ্রহণ করেন। উদ্বোধনী বক্তব্যে এফআইডি সচিব গৃহায়ণের ক্ষেত্রে সরকারিভাবে ঋণ প্রদানকারী সংস্থা হিসেবে বিএইচবিএফসি'র কর্মপরিধি বিষয়ে আলোচনার সূত্রপাত করে নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে রোল মডেল হিসেবে প্রতিষ্ঠার আহবান জানান।

# পঞ্চগড় শাখা অফিস উদ্বোধন




ফিতা কেটে উদ্বোধন ঘোষণার স্মরণীয় মুহূর্ত

পঞ্চগড় জেলা সদরে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এর ৬৩তম শাখা অফিসের উদ্বোধন করা হয়। গত ২৮ অক্টোবর,২০২২ পঞ্চগড়ের তেঁতুলিয়া রোডের অফিস অভ্যন্তরে আয়োজিত এক অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ অফিসটির উদ্বোধন ঘোষণা করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ ও পঞ্চগড় জেলা প্রশাসক মো. জহুরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ঊর্ধ্বতন নির্বাহী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, বিএইচবিএফসির ঋণ গ্রহীতা ও সেবা প্রার্থী, মিডিয়া কর্মী এবং প্রতিষ্ঠানটির রংপুর বিভাগের সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

গৃহঋণবার্তা
বিএইচবিএফসি'র
বিশেষ প্রকাশনা

প্রধান পৃষ্ঠপোষক
**মো. আব্দুল মান্নান**
ব্যবস্থাপনা পরিচালক

নির্বাহী সম্পাদক
**অরুন কুমার চৌধুরী**
উপব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক
**মো. বদিউজ্জামান**
উপমহাব্যবস্থাপক
মার্কেটিং বিভাগ

সহযোগী সম্পাদক
**মো. রফিকুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার
ট্রেনিং ইনস্টিটিউট

শিল্প সম্পাদক
**মো. ইমতিয়াজুল ইসলাম**
সিনিয়র অফিসার
পিএইচআরডি বিভাগ

প্রকাশনা
**পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ**
বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd